142

# দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 DEC [illegible] ...
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৩ ...

## 'অপ্রীতিকর ঘটনার সহিত শিক্ষক সমাজের সম্পর্ক নাই'

**ইত্তেফাক রিপোর্ট ॥** বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি গতকাল (রবিবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বলিয়াছে, ১৯শে ডিসেম্বর শেরে বাংলানগর বাণিজ্য মেলা মাঠে অনুষ্ঠিত শিক্ষক

(২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## সম্পর্ক নাই

(প্রথম পৃষ্ঠার পর)

মহাসমাবেশে অপ্রীতিকর ঘটনার সহিত সমগ্র শিক্ষক সমাজের কোন সম্পর্ক নাই। বিশেষ মহল ষড়যন্ত্রমূলকভাবে এই ঘটনা ঘটাইয়াছে। সংগঠনের সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক আলহাজ আব্বাস আলী শেখ সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন। সাংবাদিক সম্মেলনে বলা হয়, সুদীর্ঘ সময় ধরিয়া নিরীহ শিক্ষকদের ব্যবহার করিয়া একটি কায়েমী স্বার্থান্বেষী মহল ব্যক্তিস্বার্থ চরিতার্থ করিয়াছে। প্রকৃত অর্থে শিক্ষকদের ভাগ্যের কোন পরিবর্তন হয় নাই। বর্তমান গণতান্ত্রিক সরকারের আমলে শিক্ষক সমাজ যখন ঐক্যবদ্ধভাবে তাহাদের সকল সমস্যা সমাধানের লক্ষ্যে অগ্রসর হইতেছে ঠিক সেই মুহূর্তে শিক্ষক নামধারী কিছু ব্যক্তি এই হীনচক্রান্তে লিপ্ত হইয়াছে। সাংবাদিক সম্মেলনে ঘটনার নিন্দা করিয়া বলা হয়, বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃত্বে দেশের প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিক্ষার উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে গৃহীত সকল কর্মকান্ড বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করিবে। কোন ষড়যন্ত্র ও চক্রান্ত এই অগ্রযাত্রাকে ব্যাহত করিতে পারিবে না।